ঝিনাইদহ ২ আসনের সাবেক সংসদ সদস্যের ৩ দিনের রিমান্ড মঞ্জুর

ঝিনাইদহ-২ আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগ নেতা তাহজীব আলম সিদ্দিকী সমিকে গ্রেফতারের পর আজ শুক্রবার (০৮ নভেম্বর) সকালে ঝিনাইদহ সিনিয়র চীফ জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট আদালতে সোপর্দ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার রাত ১০টার দিকে ঢাকার সাভার নবীনগর এলাকা থেকে র্যাব-৪ তাকে গ্রেফতার করে। আদালতে পুলিশ ৩টি মামলায় তাকে ১০ দিনের রিমান্ডের আবেদন জানালে আদালতে তাকে ৩ দিনের রিমান্ড মঞ্জুর করে।

ঝিনাইদহ সদর থানার ওসি আব্দুল্লাহ আল মামুন জানান, ঝিনাইদহ ২ আসনের সাবেক সংসদ সদস্য তাহজীব আলম সিনদ্দিকী সমিকে র্যাব ৪ ঢাকা নবীনগর এলাকায় অভিযান চালিয়ে গ্রেফতার করে।

আজ শুক্রবার ভোররাতে তাকে ঝিনাইদহ সদর থানায় নিয়ে আসা হয়। পরে সকালে তাকে আদালতে সোপর্দ করা হয়্। তাহজীব আলম সিদ্দিকী সমির নামে ঝিনাইদহে ১১ বছর আগের জামায়াত কর্মী আব্দুস সালাম হত্যার ঘটনায় গত ২৭ আগস্ট তার বিরুদ্ধে একটি হত্যা মামলা, গত ৪ আগস্ট জেলা বিএনপি অফিস ও জেলা বিএনপির সভাপতি এডভোকেট এমএ মজিদের বাড়িতে অগ্নিসংযোগের ঘটনায় ২টি মামলাসহ মোট ৩টি মামলা রয়েছে। এসব মামলার পর তিনি পলাতক ছিলেন।

তাহজীব আলম সিদ্দিকী সমি ২০১৪ সালে সতন্ত্র ও ২০১৮ সালে আওয়ামী লীগ মনোনিত সংসদ সদস্য নির্বাচিত হন। এবং ২০২৪ সালে আওয়ামী লীগ মনোনিত সংসদ সদস্য প্রার্থী হিসেবে নির্বাচন করে সতন্ত্র প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুলের কাছে পরাজিত হন। তিনি ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সভাপতি মরহুম নুরে আলম সিদ্দিকীর ছেলে। তিনি ঢাকা ডরিন পাওয়ার লিমিটেড এর মালিক।

ঝিনাইদহ-২ আসনের নবনির্বাচিত সংসদ সদস্য মহুলের সাথে সাংবাদিকদের মতবিনিময়

ঝিনাইদহ-২ আসনের নবনির্বাচিত স্বতন্ত্র সংসদ সদস্য নাসের শাহরিয়ার জাহেদী মহুলের সাথে সংবাদিকদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলাবার সকাল সাড়ে ১১টায় ঝিনাইদহ ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি সেন্টারে এই মতবিনিয়ম সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় তিনি বলেন জেলার মানুষের প্রত্যাশা পুরণের অঙ্গীকার নিয়ে আমি সংসদ সদস্য প্রার্থী হয়েছিলাম। ঝিনাইদহ-২ আসনের মানুষ আমাকে ভোট দিয়ে এমপি নির্বাচিত করেছেন। আমি ভোটারদের সেই প্রত্যাশা ও মর্যাদা অক্ষুন্ন রাখার চেষ্টা করবো। এমপি নির্বাচিত হওয়ার পর ঝিনাইদহ ও হরিণাকুন্ডু উপজেলায় নির্বাচন পরবর্তী সহিংসতা নিয়েও তিনি কথা বলেন। সাংবদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, নির্বাচন পরবর্তী সহিংসতার সঙ্গে আমার সংশ্লিষ্টতা নেই বরং ঈগল সমর্থকরাই হামলার শিকার হচ্ছে। কোথাও কোথাও ব্যক্তি ও সামাজিক আক্রোশ থেকে এগুলো হচ্ছে, তবে আমার বার্তা হলো এগুলো যারা করবে তারা নিজ দায়িত্ব নিয়ে করতে হবে আমি আইন প্রয়োগকারী সংস্থাকে বলেছি আপনারা কোন দলীয় পরিচয় দেখবেন না সহিংসতার সাথে যারা জড়িত তাদের আইনের আওতায় নিয়ে আসেন।

সংবাদ সম্মেলন চলাকালে ঝিনাইদহ-৩ আসন থেকে নবনির্বাচিত সংসদ সদস্য সালাহ উদ্দীন মিয়াজী উপস্থিত হয়ে সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান এবং ঝিনাইদহের উন্নয়নের জন্য সকলকে নিয়ে এক সাথে কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেণ।

এসময় জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি তৈয়ব আলী জোয়ার্দার, ঝিনাইদহ পৌরসভার মেয়র কাইয়ুম জাহেদী হিজল, নবনির্বাচিত এমপি’র ভাই আবু শাহরিয়ার জাহেদী পিপুল, ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ ও জাহেদী ফাউন্ডেশনের নির্বাহী সদস্য

তবিবুর রহমান লাবুসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থি ছিলন।

সংবাদ সম্মেলনে নাসের শাহরিয়ার জাহেদী মহুল আরও বলেন, মিডিয়ায় ঈগল সমর্থকরা নৌকার সমর্থকদের উপর হামলা করছে বলে যে খবর প্রকাশিত ও প্রচারিত হচ্ছে তার সঙ্গে আমার বিন্দুমাত্র সম্পর্ক নেই এবং একপেশে নিউজ প্রকাশিত হচ্ছে বলে দুঃখ প্রকাশ করেণ। সাংবাদিকদের সবকিছু জেনে প্রকৃত তথ্য তুলে ধরে উভয় পক্ষের বক্তব্য নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের আহবান জানান। তিনি বলেন, আমি শান্তিতে বিশ্বাসী, আমি উন্নয়নে বিশ্বাসী। ভোটের আগে আমি ঝিনাইদহ-২ আসনের মানুষের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম তা পুরণ করতে আমি চেষ্টা করবো। জেলায় রেল পথ, মেডিকেল কলেজ স্থাপন, শিক্ষা ও অবকাঠামো উন্নয়নসহ সামাজিক উন্নয়ন ও বেকার সমস্যা সমাধানে কাজ করে যাব। তবে একক ভাবে এমপি সবকাজ পারেনা সকলের সহযোগীতায় প্রয়োজন রয়েছে।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, আমার সমর্থকদের বলেছি কোন হামলা- মামলা বা কারো বাড়িঘরে ভাংচুর করা যাবে না। ভোট শেষ হয়ে গেছে এখন সবাই ভাই ভাই হিসেবে সমাজে বসবাস করতে হবে এক সাথে চা খেতে হবে সামাজিক বন্ধন দৃঢ় করতে হবে। সৌহার্দ্য ও ভাতৃত্ববোধ বজায় রাখতে হবে, আমি হানাহানীতে মোটেও বিশ্বাসী নয় ভালবাসা দিয়ে সমাজকে বদলাতে হবে।

ঝিনাইদহ-২ আসনে লাঙ্গল প্রতীকের প্রচারণা

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের ভোটগ্রহণের দিন যতই ঘনিয়ে আসছে ঝিনাইদহের ৪ টি আসনে নির্বাচনী প্রচারণা ততই বাড়ছে। ঝিনাইদহ-২ আসনে লাঙ্গল প্রতিকে ভোট চাইলেন জাতীয় পার্টির প্রার্থীর মাতা শেফালি রহমান, শাশুড়ী শাহীন আরা হক ও স্ত্রী এ্যাডভোকেট নাসরিন সুলতানা লিজা। আওয়ামী লীগ, স্বতন্ত্র প্রার্থীদের পাশাপাশি নির্বাচনী প্রচারণা জোরেসোরেই চালিয়ে যাচ্ছে জাতীয় পার্টির মনোনীত প্রার্থীরা সকাল থেকে রাত অবধি ভোটারদের দ্বারে দ্বারে

ঘুরছেন।

বৃহস্পতিবার নির্বাচনী প্রচারণার শেষ দিনে ঝিনাইদহ-২ আসনের জাতীয় পার্টির প্রার্থী জেলা জাতীয় পার্টির সিনিয়র সহ-সভাপতি ও কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য মেজর অবসরপ্রাপ্ত মাহফুজুর রহমান এর মাতা, শাশুড়ী ও তার স্ত্রী লিজা হরিণাকুন্ডু উপজেলা শহরের হল বাজার এলাকায় নারী ভোটারদের সাথে গণসংযোগ করেন। সেসময় ভোটারদের মাঝে উন্নয়নের নানা প্রতিশ্রুতি দেন। আগামী ৭ জানুয়ারি লাঙ্গল প্রতিকে ভোট প্রার্থনা করেন। এছাড়াও তিনি দিনভর হরিণাকুন্ডু উপজেলার শিতলী, চারাতলা, ভালকী, কাপাশহাটিয়ার নানা শ্রেণী পেশার মানুষের সাথে গণসংযোগ করেন। রাতে ঝিনাইদহ শহরের পৌর এলাকার বিভিন্ন শ্রেণী পেশার মানুষের সাথে জাতীয় পার্টির বিভিন্ন স্তরের নেতাকর্মীদের সাথে নিয়ে গণসংযোগ করবেন বলে জানান তিনি।

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র প্রার্থীর সংবাদ সম্মেলন

ঝিনাইদহ-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী ঈগল প্রতীকের নাসের শাহরিয়ার জাহেদী মহুল নির্বাচনী প্রতিশ্রুতি এবং নৌকা প্রতীকের সমর্থকদের দ্বারা সন্ত্রাসী হামলার বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছে।

শুক্রবার সকাল সাড়ে ১০টায় ঝিনাইদহ মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর সেন্টারে এই সম্মেলন অনুষ্ঠিত হয়।
সংবাদ সম্মেলনে ঈগল প্রতীকের প্রার্থী মহুল বলেন আমি নির্বাচনে একটি শান্তিপূর্ণ পরিবেশ চেয়েছিলাম কিন্তু দিনকে দিন নৌকা প্রতীকের সমর্থকরা বেপরোয়া ভাবে আমাদের সমর্থকদের উপরে হামলা মামলা অব্যাহত রেখেছে।

এপর্যন্ত আমাদের ৫০জন কর্মী সমর্থককে মারধর করে অহত করেছে। অনেকে এখনো ফরিদপুর ও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি রয়েছে। এছাড়া নির্বাচনী অফিস, প্রচার মাইক, ব্যবহৃত গাড়ী এবং সমর্থকদের বাড়িতে

পর্যন্ত হামলা করেছে। এবিষয়ে ১৬টির মত মামলা হয়েছে। এসময় তিনি আহতদের ছবি, ভিডিও চিত্র এবং কিছু আহতদের সরাসরি দেখান। তিনি বলেন সবচেয়ে দুঃখ জনক ব্যাপার হলো ঝিনাইদহ সদর থানার ওসি সাহেবের নিকট অভিযোগ দিলে তা সহজে আমলে নেন না অথচ আমদের সমর্থকরা কাউকে না মারলেও একটি কাউন্টার মামলা নেন এবং তাতে গ্রেপ্তার করেণ। এপর্যন্ত আমার কোন কর্মী কারও গায়ে আজও হাত দেয়নি। অথচ তাদের মামলার সংখ্যা আরও বেশী। বিয়য়টি অত্যন্ত দুঃখ জনক। প্রশাসনের এরুপ ভূমিকা থাকলে নির্বাচন সুষ্ঠু হবে বলে আমার বিশ্বাস হয়না । তবে তিনি বলেন দু এক দিনের মধ্যে বিজিবি. র্যাব এবং আর্মি মাঠে নামলে পরিবেশের উন্নতি হবে এবং নির্বাচন অবাধ ও সুষ্ঠু হবে, ভয়ের কোন কারণ নেই। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম হিরণ, মানবাধিকার কর্মী ও সাংবাদিকসহ অন্যান্যরা।

এসব বলার আগে সংবাদ সম্মেলনে ঈগল প্রতীকের প্রার্থী নাসের শাহরিয়ার জাহেদী মহুল বলেন আমি কিছু পরিকল্পনা নিয়ে ঝিনাইদহে নির্বাচন করতে এসেছি। আমি জেলা আওয়ামী লীগের সহ সভাপতি হয়েও স্বতন্ত্র ভোট করছি কারণ আমার এলাকায় কাঙ্খিত উন্নয়ন হয়নি, পিছিয়ে রয়েছে। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন এবার ভোট সবার জন্য উন্মুক্ত হবে যিনি নির্বাচিত হয়ে আসবেন তিনিই এমপি হবেন। কোন সহিংসতা চলবে না এবং ভোট হবে অবাধ, সুষ্ঠু এবং উৎসব মূখর। এই কারণে আমি নির্বাচনে এসেছি আমার পরিবার দীর্ঘদিন যাবৎ রাজনীতির সাথে আছেন এবং এই ঝিনাইদহের উন্নয়নের জন্য দীর্ঘদিন কাজ করে যাচ্ছি। তিনি আরও বলেন স্কুল, কলেজ, রাস্তা-ঘাট, মসজিদ-মন্দির, খেলার মাঠ এগুলো নির্মান করা বা সংস্কার করা খুবই সহজ ব্যাপার তাছাড়া মেডিকেল কলেজ, বিশ্ববিদ্যালয় স্থাপন এগুলো ঝিনাইদহের নির্বাচিত সংসদ সদস্যরা একত্রিত হয়ে কাজ করলে খুব সহজেই স্থাপন করা সম্ভব। তিনি আরও বলেন আমার বড় চ্যালেঞ্জ এই ঝিনাইদহে রেল লাইন স্থাপন করা। তিনি বলেন আমি নির্বাচিত হলে রেল লাইনের স্থাপনের সাথে সাথে এই এলাকার মানুষের সাথে একে অপরের যে সম্পর্ক আগে ছিল তা নষ্ট হয়ে গেছে আমি সেটা আবার পুনঃস্থাপনে কাজ করে যাব।

তিনি সাংবাদিকদের নানা প্রশ্নের উত্তর দেন এসময় তিনি বলেন আমাকে এবং আমার পরিবার নিয়ে যে বিভ্রান্ত মূলক তথ্য দিয়ে আসছে তা অদৌও সত্য নয়। আমার বাবা ভাষানী ন্যাপ করতেন এবং একবার সংসদ নির্বাচনের প্রার্থীও হয়েছিলেন। এছাড়া আমি বিএনপি’র সাবেক সভাপতি